

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিএফটিআই)
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
(অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট,
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬)

নং-বাচটেই/প্রশা/বিবিধ প্রতিবেদন/২০১৪/ ৩৩৩

তারিখ: ১৭ নভেম্বর ২০১৪

গণশুনানী বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর গণশুনানী গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ০১.০৬.২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৫১.০০১.১৪-১৫৬ নং পত্র।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৭.০৪.১৪ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধানমন্ত্রী সেবা প্রত্যাশী জনগণের অভাব-অভিযোগ সরাসরি শ্রবণের মাধ্যমে সেগুলির নিষ্পত্তি এবং নাগরিক সেবা প্রদানের মান ও গতি বৃদ্ধির লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের আওতাধীন বিভিন্ন দপ্তরে গণশুনানীর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

এর প্রেক্ষিতে নবসৃষ্ট বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট প্রতি মাসের তৃতীয় বুধবার গণশুনানীর দিন ধার্য করেছে। তদনুযায়ী আগামী ১৯.১১.২০১৪ তারিখ বুধবার বিকাল ৩.০০টায় প্রতিষ্ঠানের প্রথম গণশুনানীর দিন নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এ সেবা প্রত্যাশী কারও কোন অভাব-অভিযোগ থাকলে তা প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর কার্যালয় বরাবর প্রেরণ/উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।



ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন

প্রধান নির্বাহী

ফোন: ৯৬৭ ২২৫৯

ফ্যাক্স: ৯৬৬ ৭৩ ৭৭

ই-মেইল: bfti2013@gmail.com

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। কার্যালয় নথি